# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৪.২২১২ তারিখ: ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

## Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের মূল্য এবং সরকারি এলপিজি'র মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

এপ্রিল ২০২৫ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১০.০০ মার্কিন ডলার এবং ৫৯০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৯৭.০০ মার্কিন ডলার বিবেচনায় মে ২০২৫ মাসের জন্য বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৯.২৪ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

### বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, মে-২০২৫

| বিবরণ | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ ও মূল্য | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ | ৫.৫ কেজি | ১২ কেজি | ১২.৫ কেজি | ১৫ কেজি | ১৬ কেজি | ১৮ কেজি | ২০ কেজি | ২২ কেজি | ২৫ কেজি | ৩০ কেজি | ৩৩ কেজি | ৩৫ কেজি | ৪৫ কেজি |
| রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মূসকসহ) | ৬৫৬ টাকা | ১,৪৩১ টাকা | ১,৪৯১ টাকা | ১,৭৮৯ টাকা | ১,৯০৮ টাকা | ২,১৪৬ টাকা | ২,৩৮৫ টাকা | ২,৬২৩ টাকা | ২,৯৮১ টাকা | ৩,৫৭৭ টাকা | ৩,৯৩৫ টাকা | ৪,১৭৩ টাকা | ৫,৩৬৬ টাকা |

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৫.৪৯ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২৫৬৭ টাকায় বা প্রতি ঘনমিটার ২৫৬.৭০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৬৫.৫৭ টাকায় সমন্বয় করা হলো।

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/ ০৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৮২৫.০০ টাকায় পুনঃনির্ধারণ করা হলো।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

৫। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

৬। ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৭। বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০৭) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,

০৪.০৫.২০২৫

**মোঃ আবুল কালাম আজাদ**
সচিব (অতি: দায়িত্ব), বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭